

# ৫নং রায়পুর ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

মোবাইল নং- ০১৭৩৩-১৫৭৯১৫

সভার স্থান : ৫নং রায়পুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

তারিখ : ৩০/০৭/২০২৩ খ্রিঃ

সময় : দুপুর ৩.০০ ঘটিকা

## উপস্থিত সদস্যগণের নাম :

ক্রমিক নং	নাম	পরিচয়	স্বাক্ষর
০১	জাকির হোসেন মিয়া	চেয়ারম্যান	স্বাক্ষরিত
০২	সাধী সুলতানা	ইউপি সদস্য সংরক্ষিত-১	স্বাক্ষরিত
০৩	মোছাঃ মরিয়ম খানম	ইউপি সদস্য সংরক্ষিত-২	স্বাক্ষরিত
০৪	সামিরা খাতুন	ইউপি সদস্য সংরক্ষিত-৩	স্বাক্ষরিত
০৫	মোঃ শফিকুল ইসলাম মিয়া	ইউপি সদস্য সাধারণ- ১	স্বাক্ষরিত
০৬	প্রবীর কুমার ভৌমিক	ইউপি সদস্য সাধারণ- ২	স্বাক্ষরিত
০৭	মোঃ নজরুল ইসলাম মিয়া	ইউপি সদস্য সাধারণ- ৩	স্বাক্ষরিত
০৮	মোঃ আয়ুব আলী	ইউপি সদস্য সাধারণ- ৪	স্বাক্ষরিত
০৯	মোঃ দেলোয়ার হোসেন	ইউপি সদস্য সাধারণ- ৫	স্বাক্ষরিত
১০	মোঃ লাল মিয়া	ইউপি সদস্য সাধারণ- ৬	স্বাক্ষরিত
১১	মোঃ আলাউদ্দীন মিয়া	ইউপি সদস্য সাধারণ- ৭	স্বাক্ষরিত
১২	মোঃ আঃ রাজ্জাক শেখ	ইউপি সদস্য সাধারণ- ৮	স্বাক্ষরিত
১৩	মোঃ বাদশা খান	ইউপি সদস্য সাধারণ- ৯	স্বাক্ষরিত
১৪	রেহেনা পারভীন	সহকারী স্বাস্থ্য পরিদর্শক	স্বাক্ষরিত
১৫	মোঃ মিজানুর রহমান	সমাজ কর্মী	স্বাক্ষরিত
১৬	মোঃ ফরিদ হোসেন	সমাজ কর্মী	স্বাক্ষরিত
১৭	মহব্বত হায়াত মিয়া	এনজিও প্রতিনিধি	স্বাক্ষরিত
১৮	মোঃ হোসেন আলী	এনজিও প্রতিনিধি	স্বাক্ষরিত
১৯	এম এম সিরাজুল ইসলাম	ইউপি সচিব	স্বাক্ষরিত

সভাপতি করেন : জনাব, জাকির হোসেন মিয়া

চেয়ারম্যান, ৫নং রায়পুর ইউনিয়ন পরিষদ।

সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আজকের সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য সূচি সমূহঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. ৫নং রায়পুর ইউনিয়নের জুন/২০২৩ মাসের ট্যাক্সফোর্স কমিটির সভার কার্যক্রম সম্পর্কে আলোচনা।

৩. বিবিধ।

আলোচ্য সূচিঃ ১) অধ্যকার সভার সভাপতি জনাব, জাকির হোসেন মিয়া পাঠান্তে বিগত সভার বিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্য সূচিঃ ২) অধ্যকার সভার সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যগণকে অবহিত করেন এবং জন্ম মৃত্যু নিবন্ধন আইন ও বিধিমালা সমূহ পাঠ করে শুনান এবং ট্যাক্সফোর্স কমিটির সভার কার্যাবলী সমূহ সদস্যগণকে অবহিত করেন। তিনি আরও বলেন সরকারি তথ্য মতে ও আদমশুমারী ২০১১ আলোকে প্রতিটি ইউনিয়ন পরিষদকে মাসিক টার্গেট অনুযায়ী জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পন্ন করতে হবে।

জন্মের শূন্য থেকে ৪৫ দিন পর্যন্ত সার্বজনীন বাধ্যতামূলক করেছে। তিনি আরও উল্লেখ করেন যে, বিগত জুন/২০২৩ মাস সমূহে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে মধুখালী উপজেলার অবস্থান সুদৃঢ় তাই এক্ষেত্রে আমাদের করণীয় সম্পর্কে সচেতন হতে হবে। এব্যাপারে উপস্থিত সকল সদস্যগণকে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

অতপর ০৩ নং ওয়ার্ডে সদস্য মোঃ নজরুল ইসলাম মিয়া বলেন যে, আমাদের সকলের প্রচেষ্টায় বিগত মাসের তুলনায় মাসিক টার্গেট অনুযায়ী সন্তোষজনক হয়েছে তবে গত ১৮/০৭/২০২৩ হতে আজ জন্ম নিবন্ধন সভার সমস্যা আছে। প্রতিমাসের জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম টার্গেট অনুযায়ী পূরণের জন্য সকলকে একযোগে সরকারি নির্দেশনা মোতাবেক আমাদের নিবন্ধন সম্পর্কিত সকলকে সহযোগী করতে অনুরোধ করেন। উপস্থিত সকল সদস্যগণ এব্যাপারে একমত পোষণ করেন।

সভায় অন্যকোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

জাকির হোসেন মিয়া

চেয়ারম্যান

৫নং রায়পুর ইউনিয়ন পরিষদ,

মধুখালী, ফরিদপুর।